

PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

উখিয়ায় বিপন্নদের পাশে সম্মানিত পিস এ্যাম্বাসেডর সরওয়ার জাহান চৌধুরী।
- মুহাম্মদ আব্দুর রব খান, কক্সবাজার।

করোনা মহামারীর এই সংকট কালীন সময়ে সমগ্র উখিয়ার অসহায়, বিপদগ্রস্ত ও কর্মহীন মানুষদের দ্বারে দ্বারে 'ভালোবাসার উপহার' স্বরূপ খাদ্য সামগ্রী পৌঁছে দিচ্ছেন উখিয়া উপজেলার সম্মানিত পিস এ্যাম্বাসেডর, উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান জনাব সরওয়ার জাহান চৌধুরী। এ সময় জনাব চৌধুরী বলেন, আমরা রাজনীতি করি জনগণের জন্য, তাই এই সংকটকালীন সময়ে যদি জনগণের পাশে না দাঁড়াই তাহলে রাজনীতি করে লাভ কী? এটা আমাদের নৈতিক ও মানবিক দায়িত্ব। তাছাড়া উখিয়া-টেকনাফ সংসদীয় আসনের গণ মানুষের নেতা ও সাবেক এমপি জনাব শাহজাহান চৌধুরী সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর জন্য সবসময় আমাদেরকে অনুপ্রেরণা ও



নির্দেশনা দিচ্ছেন। অন্যদিকে, ব্রিটিশ আমল থেকে আমাদের পরিবার রাজনীতি করে আসছে এবং জনগণকে সেবা দিচ্ছে, তাই দুস্থ ও অসহায়দের পাশে দাঁড়ানো আমাদের পারিবারিক ঐতিহ্যের একটি অংশ। তিনি আরো বলেন, এই মহামারীকে পরাজিত করার জন্য ঘরে অবস্থান করা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার কোন বিকল্প নেই। সম্মানিত পিএফজি সদস্য ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক জনাব সুলতান মাহমুদ চৌধুরী, পিএফজি সদস্য ও উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব দলিলুর রহমান শাহিনসহ উপজেলা ও বিভিন্ন ইউনিয়ন বিএনপির নেতৃবৃন্দ তাঁর এই কাজে সার্বিক সহযোগিতা করে যাচ্ছেন।

"একটু মানবিক ভাবনা; যদিও হারিয়ে গেছে মন"। - প্রদ্যুৎ কুমার সরকার,
দুর্গাপুর, রাজশাহী।



প্রাণঘাতী করোনা ভাইরাসের অশুভ আগ্রাসনে কাঁপছে সারা বিশ্ব। তা থেকে আশু পরিব্রাণের লক্ষ্যে বিশ্বের সকল দেশই তাদের নিজ নিজ দেশের জনস্বার্থ ও জীবনমান রক্ষায় সার্বক্ষণিক ভাবে নিচ্ছে জনগুরুত্বপূর্ণ ও সমন্বয়যোগী সকল উদ্যোগ। তারই ধারাবাহিকতায় এক্ষণে লকডাউনে আছে পৃথিবীর প্রায় সকল অঞ্চল। একইভাবে সারা বাংলাদেশ এবং দেশের আওতাধীন প্রায় সকল জেলাগুলোও এখন লকডাউনের আওতায়, যা সরকারের পক্ষ থেকে জনজীবনের নিরাপত্তার জন্য নেওয়া অতীব জনগুরুত্বপূর্ণ একটা সিদ্ধান্ত। উল্লেখ্য যে, করোনা প্রতিরোধে লক ডাউনের কারণে আমাদের অঞ্চলের সহ দেশের বিভিন্ন অঞ্চলের যে সকল শ্রমজীবী মানুষ তাদের নিজেদের পরিবারের ভরণ-পোষনসহ মৌলিক চাহিদা পূরণের জন্য ঢাকা-নারায়ণগঞ্জ সহ দেশের বিভিন্ন অঞ্চলে আটকে পড়ে আছে, ঠিক এইমূহুর্তে সেইসব এলাকায় তাদের মধ্যে বেশিরভাগ কর্মজীবীরা কাজকর্ম ও উপার্জন বঞ্চিত অবস্থায় আছে বলেও শোনা যাচ্ছে তাদের অনেকের পারিবারিক সূত্র থেকে! এখন প্রশ্ন হচ্ছে, নিজ এলাকা ছেড়ে কর্মের জন্য অন্যান্য এলাকায় করোনা আপদের কারণে আটকে পড়ে থাকা সেই সকল শ্রমজীবী মানুষগুলো সেই এলাকা থেকে তাদের ন্যূনতম মৌলিক সুবিধাগুলো ঠিকঠাক মতো পাচ্ছেতো? কেমন আছে তারা?

মানবিক বোধের জায়গা থেকে নিশ্চয়ই আমাদের সকলের উচিত তাদের কথা ভাবা।